# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**04 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার সম্প্রসারিত আসাম মন্ত্রীসভায় স্থানলাভ করা ১২ জন মন্ত্রীর তালিকা প্রকাশ । এই তালিকায় বরাক উপত্যকা থেকে দুজন অর্ন্তভুক্ত ।

২) নরেন্দ্র মোদী সরকার উত্তর-পূর্বাঞ্চলকে সংঘর্ষের কেন্দ্র থেকে সুযোগের মূল কেন্দ্র হিসেবে রূপান্তর করেছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর প্রকাশ ।

৩) বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল রাজ্যে প্রায় ১ কোটি গাছের চারা রূপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ ।

এবং

৪) কাছাড় পুলিশের যৌথ ড্রাগস বিরোধী অভিযানে প্রচুর পরিমানের নিষিদ্ধ ড্রাগস জব্দ করা সহ বেশ কয়েকজন গ্রেপ্তার ।

-----------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সম্প্রসারিত আসাম মন্ত্রীসভায় স্থান লাভ করা মন্ত্রীদের তালিকা প্রকাশ করেছেন ।কিছুক্ষণ পূর্বে এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী আগামীকাল শপথগ্রহণ করতে যাওয়া ১২ জন মন্ত্রীর তালিকা প্রকাশ করেছেন ।এই তালিকা অনুযায়ী যারা সম্প্রসারিত মন্ত্রীসভায় স্থান লাভ করছেন তাঁরা হলেন বিধায়ক অশ্বিনী রায় সরকার ,নীলিমা দেবী ,সুশান্ত বরগোঁহাই ,প্রাক্তন মন্ত্রী অশোক সিংহল ,বিমল বরা , বিশ্বজিৎ দৈমারী , জয়ন্ত মল্লবরুয়া , কেশব মহন্ত , পীযুষ হাজারিকা ,ডাঃ রণোজ পেগু ।এদিকে বরাক উপত্যকা থেকে দুজন মন্ত্রীসভায় স্থান লাভ করছেন ,তাঁরা হলেন প্রাক্তন মন্ত্রী কৌশিক রাই এবং কৃষ্ণেন্দু পাল । মুখ্যমন্ত্রী আজ মন্ত্রীদের তালিকা রাজ্যপালের কাছে দাখিল করবেন ।

এদিকে খানাপারার জ্যোতিবিষ্ণু আন্তর্জাতিক প্রেক্ষাগৃহে আসাম মন্ত্রীসভার সম্প্রসারণ কার্যসূচীর জন্য প্রস্তুতি সম্পূর্ণ ।রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য আগামীকাল বেলা ১২ টা ৪৫ মিনিটে মন্ত্রীসভায় নতুন করে স্থানলাভ করা বিধায়কদের শপথ বাক্য পাঠ করাবেন ।

---------------------------------------------------------------------------------------------

নরেন্দ্র মোদী সরকার উত্তর-পূর্বাঞ্চলের হিংসাত্মক যুগের অবসান করে এই অঞ্চলকে সংঘর্ষের কেন্দ্র থেকে সুযোগের কেন্দ্রে রূপান্তরিত করেছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ প্রকাশ করেছেন । শিলং-এ অনুষ্ঠিত উত্তর-পূর্ব পরিষদের ৭৩তম পূর্ণাঙ্গ অধিবেশনে পৌরহিত করার পর আজ সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন যে উত্তর-পূর্ব পরিষদ এই অঞ্চলের উন্নয়নের জন্য কৌশলগত পরিকল্পনা প্রস্তুকারি প্রতিষ্ঠান হিসেবে এগিয়ে এসেছে । একই সঙ্গে তিনি পরিষদ জনসাধারণের আশা আকাঙ্খা পূরণ করা ছাড়াও উত্তর-পূর্বাঞ্চলের সংস্কৃতির প্রসার ঘটাতে সক্ষম হয়েছে বলে উল্লেখ করেন । অনুষ্ঠানে অংশ নিয়ে কেন্দ্রীয় ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন যে একটি শক্তিশালী ও সমৃদ্ধিশালী উত্তর-পূর্বাঞ্চল গড়ে তোলার সংকল্প পূরণের জন্য সবাইকে একত্রিত হয়ে কাজ করতে হবে । অধিবেশনে আসামের রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য , মেঘালয়ের রাজ্যপাল সি এইচ বিজয় শংকর , আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা , কেন্দ্রীয় ডোনার প্রতিমন্ত্রী সুকান্ত সজুমদার , কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গিবিন মোহন এবং ডোনার মন্ত্রনালয়ের সচিব সঞ্জয় জাজু উপস্থিত ছিলেন । এছাড়াও অরুণাচল প্রদেশ , মনিপুর , ত্রিপুরা , মিজোরাম , নাগাল্যান্ড ও সিকিমের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীরাও অধিবেশনে উপস্থিত ছিলেন । উল্লেখ্য যে ১৯শো ৭১ সালের উত্তর-পূর্ব পরিষদ আইনের অধীনে প্রতিষ্ঠা লাভ করাউত্তর-পূর্ব পরিষদ এই অঞ্চলের সামগ্রিক উন্নয়ন এবং সহযোগিতামূলক পরিকল্পনা গ্রহণ করার ক্ষেত্রে সর্বোচ্চ কর্তৃপক্ষ হিসেবে কাজ করে আসছে । তখন থেকেই উত্তর-পূর্ব পরিষদ এই অঞ্চলের সম উন্নয়ন এবং সহযোগিতামূলক যুক্তরাষ্ট্র পরিকাঠামো শক্তিশালী করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা গ্রহণ করে আসছে ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী সূর্যঘর উৎকর্ষ পুরস্কারের অধীনে আসাম শ্রেষ্ঠত্ব লাভ করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধামে একথা প্রকাশ করেছেন । এই সম্মান ২০৭০ সালের মধ্যে শূণ্য কার্বন নির্গমনের লক্ষ্য পূরণের সংকল্পকে অধিক শক্তিশালী করে তুলেছে বলে ডঃ শর্মা মন্তব্য করেন ।তিনি বলেন যে রাজ্যের উন্নয়নের গতি অধিক ত্বরান্বিত

করতে সবুজ এবং নবীকরণযোগ্য শক্তির উৎস্য গ্রহণের ক্ষেত্রে রাজ্যের প্রতিশ্রুতি পুনরায় প্রতিফলিত হয়েছে ।উল্লেখ্য মাঝারি গ্রাহক ভিত্তিক রাজ্য সমুহের মধ্যে আসাম প্রধানমন্ত্রী সুর্যঘর প্রকল্পের অধীনে সর্বাধিক বিক্রেতা পঞ্জীয়নে প্রথম স্থান লাভ করা সহ সর্বাধিক গ্রাহকের আবেদন এবং সর্বাধিক বিতরণ কোম্পানী পরিদর্শনে দ্বিতীয় স্থান লাভ করেছে । এছাড়া সর্বাধিক সৌরশক্তি স্থাপনের ক্ষেত্রে আসাম তৃতীয় স্থান লাভ করতে সক্ষম হয়েছে ।

---------------------------------------------------------------------------------

বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগের ক্ষেত্রে দেশের শীর্ষ ৩টি রাজ্যের মধ্যে আসাম দ্বিতীয় স্থান লাভ করে শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য রূপান্তরের সূচনা করেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল সামাজিক মাধ্যমযোগে এ কথা জানিয়ে বলেছেন যে কেন্দ্রীয় সরকারের বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগের বিকাশের ক্ষেত্রে শীর্ষ ৩টি রাজ্যের মধ্যে আসামকে দ্বিতীয় স্থান প্রদানের বিষয়টি রাজ্যের বৃহৎ পরিষরের রূপান্তরকে প্রতিফলিত করেছে । একই সঙ্গে তিনি গত ১০ বছরে আসাম বিদ্যালয় সমূহে বিদ্যুৎ সংযোগ , কম্পিউটার প্রদান , মেয়েদের শৌচালয় ইত্যাদি নির্মানের ক্ষেত্রেও উল্লেখযোগ্য সফলতা অর্জন করেছে বলে প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার রাস্তাঘাট ও জাতীয় সড়কের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার ৫৬ কোটি টাকা মঞ্জুর করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নীতিন গাড়কারীর সঙ্গে আলোচনা করার সময় শ্রীভূমি জেলার সড়ক উন্নয়নের প্রসঙ্গ উল্লেখ করেছিলেন । এর পর জেলার সড়ক উন্নয়নের জন্য সরকার এই অর্থ মঞ্জুর করেছে বলে পাথারকান্দির বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল জানান । গতকাল এই মঞ্জুরীকৃত অর্থের ব্যবহার এবং সড়ক উন্নয়ন প্রকল্প রূপায়ন সম্পর্কে শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।বৈঠকের পর প্রাক্তন মন্ত্রী শ্রী পাল একথা জানিয়ে বলেন যে সড়ক নির্মাণের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে ।তিনি বলেন ----------

# বাইট #

---------------------------------------------------------------------------------

বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল রাজ্যে প্রায় ১ কোটি গাছের চারা রূপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে । আত্মসহায়ক গোষ্ঠীর ৩৫ লক্ষের অধিক মহিলাকে এই অভিযানের সঙ্গে যুক্ত করা হবে । রাজ্য সরকার বৃহৎ পরিসরের বনানিকরণ , স্বচ্ছ শক্তির প্রসার এবং আধুনিক প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে পরিবেশ

সুরক্ষা এবং বহনযোগ্য উন্নয়নকে অগ্রাধিকার প্রদান করতে এই পদক্ষেপ গ্রহণ করেছে ।

সর্বশিক্ষা অভিযান আসামও বিশ্ব পরিবেশ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে গুচ্ছ কার্যসূচি গ্রহণ করতে সব জেলার মিশন সমন্বয়ক এবং জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিককে পত্র প্রেরণ করেছে । এই অনুসারে আগামীকাল থেকে ৩০ জুন পর্যন্ত ইকো-ক্লাবস ফর মিশন লাইফের পৃষ্টপোষকতায় সবুজ গ্রীষ্ম শিবির অনুষ্ঠিত হবে । এছাড়াও প্রত্যেক বিদ্যালয়ে মায়ের নামে একটি গাছ শীর্ষক কার্যসূচির তৃতীয় পর্ব রূপায়ন করা হবে । ছাত্র-ছাত্রী , শিক্ষক এবং অভিভাবকদের মাধ্যমে এবার ২৮ লক্ষ ৩৬ হাজার ২শো ৩২টি গাছের চারা রুপন করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গত দুদিন বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে বিপুল পরিমাণ নেশাজাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করার পাশাপাশি একাধিক লোককে গ্রেপ্তার করেছে । পুলিশ শিলচর, উধারবন্দ , কালাইন এবং সোনাই অঞ্চল থেকে বৃহৎ পরিমানের নেশা জাতীয় সামগ্রী বাজেয়াপ্ত করেছে । পুলিশ উধারবন্ধ থেকে ৮ হাজার ১০ বোতল কডেইন কফ সিরাফ , ১৫০ প্যাকেট ট্রেমাডল ট্যাবলেট বাজেয়াপ্ত করে এবং ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে গিয়াস উদ্দিন লস্কর নামের এক ব্যাক্তিকে আটক করেছে ।

এদিকে কালাইন থানার দিগরখাল অঞ্চলে একটি ট্রাক থেকে ১৪টি সাবানের বাক্সে রাখা ১৭০ গ্রাম সন্দেহযূক্ত হেরোইন সহ আজাদ উদ্দিন নামের এক ব্যাক্তিকে আটক করেছে ।

শিলচর ফাটক বাজার থেকে এক দশমিক সাত গ্রামের হেরোইন বাজেয়াপ্ত করা সহ আজিম উদ্দিন লস্কর নামের এক ব্যাক্তিকে এবং শিলচর রেল স্টেশন এলাকা থেকে একজন মহিলা ড্রাগস পাচারকারীকে আটক করা হয়েছে । পুলিশ সোনাই বাজার এলাকায় অভিযান চালিয়ে ১৫টি সাবানের বাক্স থেকে ২৯৮ গ্রাম সন্দেহ যুক্ত হেরোইন জব্দ করে এবং দু জন মহিলাকে আটক করেছে ।

---------------------------------------------------------------------------------

বিধি বলবৎকারী সঞ্চালকালয় আজ মিজোরাম-ম্যানমার সীমান্ত সহ সীমান্তবর্তী শহর চাম্ফাইর মোট ৯টি স্থানে ব্যাপক অভিযান চালায় । সঞ্চালকালয় জানিয়েছে যে সীমান্তের ওপার থেকে বৃহৎ পরিমানে অবৈধ বার্মিজ সুপারী ভারতে সরবরাহ করা চক্রের বিরুদ্ধে এই অভিযান চালানো হয় । এই সরবরাহ করা চক্রকে সহায়তা করা স্থানীয় লোকের বাসগৃহ এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানেও আজ অভিযান চালানো হয় বলে

সঞ্চালকালয় সূত্রে প্রকাশ করা হয়েছে । প্রাথমিক তদন্তে জানানো হয়েছে যে স্থানীয় লোকেরা তিউ নদী ব্যবহার করে ম্যানমার থেকে অবৈধভাবে সুপারী সরবরাহ করে গুদামে মজুদ রাখে এবং পরে ভূয়া তথ্যের মাধ্যমে সেই সুপারীকে বৈধভাবে ক্রয় করা স্থানীয় সামগ্রী বলে ব্যবহার করে থাকে । সঞ্চালকালয় আরো জানিয়েছে যে এই অবৈধ চক্রের মাধ্যমে কোটি কোটি টাকার অনিয়ম সংঘটিত হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির নব নির্বাচিত বিধায়ক ডক্টর মিলন দাস আজ হাইলাকান্দি পৌরসভার সদস্য হিসেবে শপথ গ্রহন করেছেন । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে পৌরসভা কার্যলয়ে আয়োজিত সভায় বিধায়ক ডক্টর দাস শপথ গ্রহন করেন । শপথ গ্রহন অনুষ্ঠানের পর বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক ডক্টর দাস বলেন যে হাইলাকান্দি শহরের নাগরিক পরিকাঠামোর উন্নয়ন , পরিচ্ছন্নতা , পানীয় জল , রাস্তা এবং অন্যান্য জনস্বার্থমূলক প্রকল্প বাস্তবায়নে সব ধরনের সহযোগীতা করবেন । আজকের সভায় পৌরসভার সভাপতি মানব চক্রবর্তীও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় শিশুদের স্বাস্থ্য সুরক্ষা আরো সুদৃঢ় করতে এবং জেলার পোলিও মুক্ত অবস্থান বজায় রাখার লক্ষ্যে কাছাড় জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির যৌথ উদ্যোগে আজ জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে জাতীয় টীকাকরন দিবস উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত মনোজ্যোতি কুটুমের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে জাতীয় টীকাকরন দিবস একটি জনস্বাস্থ্য কর্মসূচী যার মূল উদ্দেশ্যে প্রতিটি শিশুকে পোলিও মাইলাইটিসের মতো মারাত্মক রোগ থেকে সুরক্ষা প্রদান করা । শ্রীকুটুম আরো বলেন যে কোন যোগ্য শিশু যেন টীকাকরন থেকে বাদ না পড়ে , তা নিশ্চিত করতে হবে ।

আজকের সভায় স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , জেলা কর্মসূচীর সমন্বয়ক রাহুল ঘোষ , অতিরিক্ত চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারীক ডক্টর এম আই বড়ভুইয়া , বিদ্যালয় সমূহের পরিদর্শক মিঠুন জোহরী প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য কাছাড় জেলায় শূন্য থেকে পাঁচ বছর বয়সী মোট দু লক্ষ ৭৮ হাজার ৭৩ জন শিশুকে টীকাকরনের লক্ষ্য মাত্রা নির্ধারন করে এক হাজার তিনশ ৩৫টি বুথ স্থাপনের পরিকল্পনা করা হয়েছে । আগামী ২৮শে জুন সকাল ৮টা থেকে বিকেল চারটে পর্য্যন্ত শিশুদের টীকা প্রদান করা হবে ।

-------------------------------------------------------------------------------